



## খলিলুর রহমানকে পাকিস্তানের পররাষ্ট্রমন্ত্রীর শুভেচ্ছা



ছবি: সংগৃহীত

জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সভাপতি নির্বাচিত হওয়ায় বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমানকে আন্তরিক অভিনন্দন জানিয়েছেন পাকিস্তানের উপ-প্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী ইসহাক দার।

মঙ্গলবার (২ জুন) সামাজিক যোগাযোগমাধ্যম ‘এক্স’-এ দেওয়া এক বার্তায় তিনি এই শুভেচ্ছা জানান। বার্তায় খলিলুর রহমানকে ঘনিষ্ঠ সহকর্মী ও “প্রিয় ভাই” হিসেবে উল্লেখ করেন ইসহাক দার।

তিনি বলেন, খলিলুর রহমানের সঙ্গে কাজ করার অভিজ্ঞতা থেকে তার গভীর কূটনৈতিক দক্ষতা এবং বহুপাক্ষিক সহযোগিতার প্রতি দৃঢ় অঙ্গীকার সম্পর্কে তিনি আস্থাশীল। তার মতে, এই অভিজ্ঞ নেতৃত্ব জাতিসংঘ সাধারণ পরিষদের কার্যক্রমকে আরও কার্যকরভাবে এগিয়ে নিতে সহায়তা করবে।

এছাড়া বৈশ্বিক অগ্রাধিকারগুলো বাস্তবায়ন, পারস্পরিক সহযোগিতা জোরদার এবং সংলাপ, শান্তি ও টেকসই উন্নয়ন এগিয়ে নেওয়ার ক্ষেত্রে একসঙ্গে কাজ করার প্রত্যাশাও ব্যক্ত করেন তিনি।

সবশেষে, নতুন এই দায়িত্ব পালনে ড. খলিলুর রহমানের পূর্ণ সাফল্য কামনা করেন ইসহাক দার।